# বিশ্ব জনসংখ্যা দিবস ২০২৫ উদযাপনের কর্মসূচি

| বিভাগীয় পর্যায় | | | | |
|---|---|---|---|---|
| ক্র.নং | দিন ও তারিখ | বিষয় | ব্যবস্থাপনা | মন্তব্য |
| ১। | ১৪/০৭/২০২৫ খ্রি. সোমবার | **(ক) আলোচনা অনুষ্ঠান:**<br>বিভাগীয় পর্যায়ে বিভাগীয় কমিশনারগণের সহায়তায় বিভাগীয় পরিচালক (পরিবার পরিকল্পনা) বিশ্ব জনসংখ্যা দিবস- ২০২৫ এর প্রতিপাদ্যের উপর আলোচনা সভার আয়োজন করবেন। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), জেলা প্রশাসক, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গসহ সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের কর্মকর্তা ও প্রতিনিধিবৃন্দ এবং শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, ছাত্র/ছাত্রী, স্কাউটস, গার্লস গাইড এবং পরিবার পরিকল্পনা ও স্বাস্থ্য বিভাগীয় কর্মকর্তা ও কর্মচারীবৃন্দকে আমন্ত্রণ জানাতে হবে।<br>**আলোচনা অনুষ্ঠানের স্থান ও সময়** : বিভাগীয় পরিচালক (পরিবার পরিকল্পনা) আলোচনা অনুষ্ঠানের স্থান ও সভার সময় নির্ধারণ করবেন।<br>**(খ) সনদ এবং ক্রেস্ট বিতরণ :**<br>বিভাগীয় পর্যায়ের ১০ (দশ) ক্যাটাগরির শ্রেষ্ঠ কর্মী ও প্রতিষ্ঠান, বিভাগীয় জেলার ১০ (দশ) ক্যাটাগরির শ্রেষ্ঠ কর্মী ও প্রতিষ্ঠান এবং সদর উপজেলার ০৮ (আট) ক্যাটাগরির শ্রেষ্ঠ কর্মী ও প্রতিষ্ঠানের মাঝে সনদপত্র ও ক্রেষ্ট বিতরণ করতে হবে।<br>দিন ও তারিখ : সোমবার , ১৪ জুলাই ২০২৫ খ্রি.<br>সময় : স্থানীয়ভাবে নির্ধারিত<br>**থিম ঃ "Empowering young people to create the families they want in a fair and hopeful world"** যার বাংলা ভাবান্তর নিম্নরূপ:<br>**"ন্যায্য ও সম্ভাবনাময় বিশ্বে পছন্দের পরিবার গড়তে প্রয়োজন তারুণ্যের ক্ষমতায়ন"** | বিভাগীয় পরিচালক (পরিবার পরিকল্পনা), সংশ্লিষ্ট জেলার উপপরিচালক (পরিবার পরিকল্পনা), সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা/ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন), মেডিকেল অফিসার (ক্লিনিক), সদর উপজেলার উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)। | আলোচনা অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বিভাগীয় পরিচালক, পরিবার পরিকল্পনা। তিনি বিভাগীয় কমিশনার মহোদয়ের সাথে আলোচনাক্রমে অনুষ্ঠানের প্রধান অতিথি ও বিশেষ অতিথি নির্ধারণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবেন। |

**বিশেষ দ্রষ্টব্য :**

১। ঢাকা বিভাগ কেন্দ্রীয় পর্যায়ে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন এবং পরবর্তী যে কোন একটি কর্মদিবসে বিভাগীয় পর্যায়ের আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করবে।

২। বিভাগীয় পর্যায়ের আলোচনা অনুষ্ঠান এবং পুরস্কারের প্রয়োজনীয় ব্যয় বিভাগ, সংশ্লিষ্ট জেলা ও সদর উপজেলার জন্য বরাদ্দকৃত অর্থ থেকে সংস্থান করতে হবে।

৩। ১১-১৩ জুলাই ২০২৫ এর মধ্যে বিভাগীয় জেলা শহরে অবস্থিত কমপক্ষে একটি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে প্রতিপাদ্য বিষয়ক সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করতে হবে।

৪। যথাযথভাবে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক আলোচনা অনুষ্ঠান এবং সনদপত্র ও ক্রেস্ট বিতরণের আয়োজন করতে হবে।

## বিশ্ব জনসংখ্যা দিবস ২০২৫ উদযাপনের কর্মসূচি

| জেলা পর্যায় | | | | |
|---|---|---|---|---|
| ক্র.নং | দিন ও তারিখ | বিষয় | ব্যবস্থাপনা | মন্তব্য |
| ২। | ১৪/০৭/২০২৫ খ্রি. সোমবার | **আলোচনা অনুষ্ঠান:**<br>(ক) উপপরিচালক (পরিবার পরিকল্পনা) জেলা প্রশাসক এর সহায়তায় সংশ্লিষ্ট জেলায় বিশ্ব জনসংখ্যা দিবস- ২০২৫ এর প্রতিপাদ্যের উপর আলোচনা সভার আয়োজন করবেন। আলোচনা সভায় সিভিল সার্জনসহ সরকারি দপ্তরসমূহের কর্মকর্তা, সদর উপজেলার উপজেলা নির্বাহী অফিসার, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ, বেসরকারী প্রতিষ্ঠানের প্রতিনিধি এবং শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, ছাত্র/ছাত্রী, স্কাউটস, গার্লস গাইড এবং পরিবার পরিকল্পনা ও স্বাস্থ্য বিভাগীয় কর্মকর্তা ও কর্মচারীবৃন্দকে আমন্ত্রণ জানাতে হবে।<br>আলোচনা অনুষ্ঠানের স্থান ও সময়: উপপরিচালক (পরিবার পরিকল্পনা) আলোচনা অনুষ্ঠানের স্থান ও সভার সময় নির্ধারণ করবেন।<br>**(খ) সনদপত্র ও ক্রেস্ট বিতরণ:**<br>স্বাস্থ্যবিধি নিশ্চিত করে জেলা পর্যায়ের ১০ (দশ) ক্যাটাগরির শ্রেষ্ঠ কর্মী ও প্রতিষ্ঠান এবং সদর উপজেলার ০৮ (আট) ক্যাটাগরির শ্রেষ্ঠ কর্মী ও প্রতিষ্ঠানের মাঝে সনদপত্র ও ক্রেষ্ট বিতরণ করতে হবে।<br>দিন ও তারিখ : সোমবার ১৪ জুলাই ২০২৫ খ্রি.<br>সময় : স্থানীয়ভাবে নির্ধারিত<br>থিম : **''Empowering young people to create the families they want in a fair and hopeful world"** যার বাংলা ভাবান্তর নিম্নরুপ:<br>**"ন্যায্য ও সম্ভাবনাময় বিশ্বে পছন্দের পরিবার গড়তে প্রয়োজন তারুণ্যের ক্ষমতায়ন"**<br>**বিশেষ সেবাদান কর্মসূচি :**<br>(গ) ১১-১৩ জুলাই ২০২৫ জেলা পর্যায়ের মা ও শিশু কল্যাণ কেন্দ্র এবং সদর উপজেলার এমসিএইচ ইউনিটে পরিবার পরিকল্পনা, মা-শিশুস্বাস্থ্য ও কৈশোরকালীন প্রজনন স্বাস্থ্য সেবা প্রদানের জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা/ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন ), মেডিকেল অফিসার (ক্লিনিক), সদর উপজেলার উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা এবং মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)। | আলোচনা অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন উপপরিচালক, পরিবার পরিকল্পনা। তিনি জেলা প্রশাসকের সাথে আলোচনাক্রমে অনুষ্ঠানের প্রধান অতিথি, বিশেষ অতিথি ও অন্যান্য অতিথি নির্ধারণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবেন |

**বিশেষ দ্রষ্টব্য :**

১। প্রতিটি জেলার সদর উপজেলার কর্মকর্তা-কর্মচারীগণ জেলায় অনুষ্ঠিতব্য আলোচনা অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন। অন্যান্য উপজেলা স্বতন্ত্রভাবে কর্মসূচি পালন করবে।
২। জেলা পর্যায়ের আলোচনা অনুষ্ঠান এবং পুরস্কারের প্রয়োজনীয় ব্যয় জেলা ও সদর উপজেলার জন্য বরাদ্দকৃত অর্থ থেকে সংস্থান করতে হবে।
৩। ১১-১৩ জুলাই ২০২৫ এর মধ্যে জেলা পর্যায়ে অবস্থিত কমপক্ষে একটি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের অংশগ্রহণে বিশ্ব জনসংখ্যা দিবসের প্রতিপাদ্য বিষয়ক সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করতে হবে
৪। যথাযথভাবে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক আলোচনা অনুষ্ঠান এবং সনদপত্র ও ক্রেস্ট বিতরণের আয়োজন করতে হবে।

## বিশ্ব জনসংখ্যা দিবস ২০২৫ উদযাপনের কর্মসূচি

| উপজেলা পর্যায় | | | | |
|---|---|---|---|---|
| ক্র.নং | দিন ও তারিখ | বিষয় | ব্যবস্থাপনা | মন্তব্য |
| ৩। | ১৪/০৭/২০২৫ খ্রি. সোমবার | **(ক) আলোচনা অনুষ্ঠান:**<br>উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার এর সহায়তায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা মেডিক্যাল অফিসার (এমসিএইচ-এফপি) সহযোগে বিশ্ব জনসংখ্যা দিবস- ২০২৫ এর প্রতিপাদ্যের উপর আলোচনা সভার আয়োজন করবেন। আলোচনা সভায় সরকারি কর্মকর্তা, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ, বেসরকারী প্রতিষ্ঠানের প্রতিনিধি, শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, ছাত্র/ছাত্রী, স্কাউটস, গার্লস গাইড এবং পরিবার পরিকল্পনা ও স্বাস্থ্য বিভাগীয় কর্মকর্তা-কর্মচারীবৃন্দকে আমন্ত্রণ জানাতে হবে।<br>**(খ) সনদপত্র ও ক্রেস্ট বিতরণ:**<br>উপজেলা পর্যায়ের ০৮ (আট) ক্যাটাগরির শ্রেষ্ঠ কর্মী ও প্রতিষ্ঠানের মাঝে সনদপত্র ও ক্রেষ্ট বিতরণ করতে হবে।<br>দিন ও তারিখ : সোমবার, ১৪ জুলাই ২০২৫ খ্রি.<br>সময় : স্থানীয়ভাবে নির্ধারিত<br>থিম : **''Empowering young people to create the families they want in a fair and hopeful world"** যার বাংলা ভাবান্তর নিম্নরুপ:<br>**"ন্যায্য ও সম্ভাবনাময় বিশ্বে পছন্দের পরিবার গড়তে প্রয়োজন তারুণ্যের ক্ষমতায়ন"**<br>**(গ) বিশেষ সেবাদান কর্মসূচি :**<br>উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের মা ও শিশু কল্যাণ কেন্দ্র, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র এবং স্যাটেলাইট ক্লিনিকে পরিবার পরিকল্পনা, মা-শিশুস্বাস্থ্য ও কৈশোরকালীন প্রজনন স্বাস্থ্যসেবা প্রদানের জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা এবং মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) | আলোচনা অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন পরিবার পরিকল্পনা কর্মকর্তা। তিনি উপজেলা নির্বাহী অফিসারের সাথে আলোচনাক্রমে উপজেলা প্রধান অতিথি, বিশেষ অতিথি ও অন্যান্য অতিথি নির্ধারণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবেন। |

বিশেষ দ্রষ্টব্য :
১। ১১-১৩ জুলাই ২০২৫ এর মধ্যে উপজেলা পর্যায়ে অবস্থিত কমপক্ষে একটি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের অংশগ্রহণে বিশ্ব জনসংখ্যা দিবসের প্রতিপাদ্য বিষয়ক সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করতে হবে
২। যথাযথভাবে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক আলোচনা অনুষ্ঠান এবং সনদপত্র ও ক্রেস্ট বিতরণের আয়োজন করতে হবে।